দৈনিক
ইত্তেফাক

তারিখ 1 9 NOV 2006
পৃষ্ঠা ৮ কলাম ৩

# অবৈধ ছাত্রী উচ্ছেদে ইডেন কলেজে পুলিশের তল্লাশি অভিযান ব্যর্থ

॥ বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥

রাজধানীর মহিলা ইডেন কলেজ বিশ্ববিদ্যালয়ের ছাত্রী হল থেকে অবৈধভাবে অবস্থানকারীদের পুলিশ বের করতে গিয়েও ব্যর্থ হয়। শনিবার বিকালে পুলিশ হলে হলে তল্লাশি চালাতে এলে ছাত্রদলের নেত্রীরা জেবুন্নেছা হলে তালা লাগিয়ে হলের মধ্যে অবস্থান নেয়। সাধারণ ছাত্রীরা জানায়, এ হলেই অবৈধভাবে অবস্থানকারীদের সংখ্যা বেশি। ছাত্রদলের অনেক নেত্রীর হলে অবস্থানের সময়সীমা অনেক আগেই শেষ হয়েছে। তাদের ছত্রছায়ায় যারা অবস্থান করে তাদেরও বৈধতা নেই। তবে ছাত্রদলের নেত্রীরা বলেছেন, তারা হলের বৈধ ছাত্রী। তাদের সিট নবায়ন করা হয়নি বলে তাদেরকে অবৈধ বলা (২য় পৃঃ ৪-এর কঃ দ্রঃ)



শনিবার রাতেও ইডেন কলেজের অনেক ছাত্রী হল ত্যাগ করে –রশীদ তাল

## অবৈধ ছাত্রী

(প্রথম পৃঃ পর)

হচ্ছে। ছাত্রদলের কলেজ শাখার যুগ্ম আহবায়ক শওকত আরা উর্মি জানান, গতকাল সকালে ছাত্রদলের সকল নেত্রী তাদের বৈধ কাগজপত্র কলেজ অধ্যক্ষার কাছে পেশ করেছেন। তারা সবাই বৈধ ছাত্রী বলে তিনি দাবি করেন। জেবুন্নেছা হলে নেত্রীরা যে তালা দিয়েছিলেন তা স্বীকার করে তিনি বলেন, তালা দিলেও শিক্ষকরা তালা ভেঙ্গে হলে প্রবেশ করেন। তবে কোন পুলিশ প্রবেশ করেনি। তিনি বলেন, ছাত্রদলের নেত্রীরা বৈধ ছাত্রী, তারা যেকোন মূল্যে হলে অবস্থান করবে। এদিকে হল কর্তৃপক্ষ সূত্রে জানা গেছে, হল থেকে অবৈধ ছাত্রীদের উচ্ছেদের জন্য আজ রবিবার আবারও তল্লাশি হতে পারে।